

দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা অমরঙ্গল হোসেন মাসিক মিত্র

সফটওয়্যার টেকনোলজি পার্কের যাত্রা শুরু

ইত্তেফাক রিপোর্ট 🕒 ১৮ অক্টোবর, ২০১৫ ইং ১১:৪৪ মিঃ



রাজধানীর কারওয়ান বাজারের জনতা টাওয়ারে দেশের প্রথম সফটওয়্যার টেকনোলজি পার্ক যাত্রা শুরু করেছে। রবিবার প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় এটি উদ্বোধন করেন।

সকাল সাড়ে ১০টায় আগারগাঁওয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) অডিটোরিয়ামে ‘অপারেশনাল লঞ্চিং অব দ্য ফার্স্ট সফটওয়্যার টেকনোলজি পার্ক ইন বাংলাদেশ’ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সেখান থেকেই সফটওয়্যার টেকনোলজি পার্কটি উদ্বোধন করেন তিনি।

সজীব ওয়াজেদ জয় জানিয়েছেন, এই পার্কে স্টার্ট আপ আইটি প্রতিষ্ঠানগুলো থাকবে। এগুলোর মধ্যে থেকে ভবিষ্যতে সামাজিক যোগাযোগের মাধ্যম ফেসবুক ও গুগলের মতো প্রতিষ্ঠান বেরিয়ে আসবে বলে আশা প্রকাশ করেন তিনি।

তিনি বলেন, ভারতের বেঙ্গলুরুতে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি নিয়ে পড়ার সময় সেখানে স্টার্ট আপ প্রতিষ্ঠান যাত্রা শুরু করে। আজ ভারত আউটসোর্সিংয়ে অন্যতম বড় দেশ। বাংলাদেশও একদিন সে

পর্যায়ে যাবে।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন-তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ, আইসিটি সচিব শ্যামসুন্দর শিকদার, হাইটেক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) হোসনে আরা বেগম প্রমুখ।

/index.php

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

উপদেষ্টা সম্পাদক: হাবিবুর রহমান মিলন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে আনোয়ার হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত